দৈনিক ইত্তেফাক

তারিখ ... DEC. 0 6 1999
পৃষ্ঠা ৪ কলাম ২

266

## জাতীয় বিশ্ববিদ্যালয় সমীপে

সম্প্রতি জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রকাশিত একটি বিজ্ঞপ্তিতে বলা হইয়াছে যে, সকল ছাত্র-ছাত্রী অনার্স মানউন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করিতে ইচ্ছুক, তাহারা মাষ্টার্স শেষ পর্বে ভর্তি হইতে পারিবে না বা যাহারা ভর্তি হইয়া গিয়াছে, মানউন্নয়ন পরীক্ষায় অংশ নিতে হইলে তাহাদের ভর্তি বাতিল করিতে হইবে। ইহাতে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনস্থ সকল ছাত্র-ছাত্রী ভীষণ হতাশ হইয়া পড়িয়াছে। কারণ অনার্স কোর্স সম্পন্ন করিতে সেশনজট এবং পরীক্ষার ফলাফল প্রকাশে দীর্ঘ সময়ের কারণে এমনিতেই দুইটি বৎসর চলিয়া যায়। তাহার উপর কোন পরীক্ষার্থী যদি ভাগ্য বিড়ম্বিত হইয়া মানউন্নয়ন পরীক্ষায় অংশ নিতে চায় তবে তাহার জীবন হইতে আরও দুইটি বৎসর ঝরিয়া যাইবে। কিন্তু মাষ্টার্সে ভর্তি অবস্থায় ঐ পরীক্ষার্থী যদি মানউন্নয়ন পরীক্ষা দিতে পারে, তবে আর বৎসর নষ্ট হয় না। সেশনজট এবং ফলাফল প্রকাশে দীর্ঘসূত্রতার বিষয়টি বিবেচনা করিয়া অনার্স মানউন্নয়ন পরীক্ষার্থীর মাষ্টার্সে ভর্তি বহাল রাখিতে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সমীপে বিনীত আবেদন জানাইতেছি।

আসাদ, ছবি, রুমান,
জগন্নাথ বিশ্ববিদ্যালয় কলেজ,
ঢাকা